গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা

## আগষ্ট ২০২০ মাসের বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৭/০৮/২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা |
| স্থান | জুম এপস্ এর মাধ্যমে স্ব-স্ব দপ্তরে কর্মকর্তাবৃন্দের অবস্থান |
| উপস্থিতি | জুম এপস্ এর মাধ্যমে অনলাইনে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির নির্দেশক্রমে জনাব মোঃ ফজলুল কবীর, অতিরিক্ত কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। বিগত ২০/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ের গত ২৬/০৭/২০২০ তারিখের ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০১০.১৫.৩৪০ নম্বর স্মারকে ই-নথি, ই-মেইল, ডাক ও বাহকযোগে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যগণের কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

**সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:**
**বাস্তবায়ন অগ্রগতি পরিশিষ্ট-‘ক’ - তে উপস্থাপন করা হলো**

| অনুচ্ছেদ | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | **ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়**<br>১.১ সাধারণ দাবি<br>১.২ সংস্থার দাবি<br>১.৩ মোট দাবি ও আদায় (সাধারণ+সংস্থা)<br>১.৪ চা বাগান সংক্রান্ত | (ক) জেলা প্রশাসকগণ তদারকির মাধ্যমে আগামী ৩১ আগষ্ট ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ২০২০-২১ অর্থ বছরের রিটার্ন-৩ প্রস্তুতের কাজটি নিশ্চিত করবেন এবং ভূমি উন্নয়ন কর ১০০% আদায় নিশ্চিত করার লক্ষ্যে বছরের শুরু থেকেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন<br>(খ) পরিদর্শনের সময় রিটার্ন-৩ যথাযথভাবে প্রস্তুতের বিষয়টি গুরুত্বসহকারে নিশ্চিত করতে হবে।<br>(গ) সংস্থার ভূমি উন্নয়ন কর আদায় বৃদ্ধির নিমিত্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে বছরের শুরুতেই যোগাযোগ অব্যাহত রাখতে হবে<br>(ঘ) ৩ বছর/উর্দ্ধে ভূমি উন্নয়ন কর অনাদায়ী চা বাগানের ভূমি উন্নয়ন কর আদায়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ২ | **খাস জমি বন্দোবস্ত** | (ক) প্রত্যেক উপজেলায় বছরে কমপক্ষে ৫০টি ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে বছরের শুরু থেকেই উপজেলাওয়ারী টার্গেট নির্ধারণ করে কাজ করতে হবে<br>(খ) ২০২০-২১ অর্থবছরে বিভাগাধীন প্রতিটি জেলায় ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে ভূমিহীন পরিবারকে কৃষি খাসজমি বন্দোবস্ত প্রদানের ৪০% টার্গেট অর্জন করতে হবে, মার্চ/২০২১ মাসের মধ্যে ৭০% এবং ৩১ মে/২০২১ এর মধ্যে ১০০% টার্গেট অর্জন করতে হবে | (১-৪)জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৩ | **ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরণের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ**<br>**৩.১** সরকারি খাস জমি পুনরুদ্ধার; | (ক) অবৈধ দখলে থাকা খাস জমি পুনরুদ্ধার কার্যক্রম জোরদার করতে হবে<br>(খ) পুনরুদ্ধারকৃত সরকারি খাস জমি রক্ষণাবেক্ষণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| | ৩.২ হাট-বাজার পেরিফেরি বহালকরণ | (ক) রেজিষ্টার-৬ ভূক্ত যে সকল হাট-বাজারে হাট বসেনা সে সকল বাজার বিলুপ্ত ঘোষণার নিমিত্ত বিধি মোতাবেক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে<br>(খ) হাটবাজারসমূহে চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লীজ প্রদানের ব্যবস্থাসহ নবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ছক মোতাবেক নিয়মিতভাবে তথ্য প্রেরণ করতে হবে<br>(গ) হাটবাজারের পেরিফেরির কাজ আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সকল জেলাকে নির্দেশনা প্রদান করা হয়<br>(ঘ) হাটবাজারের পেরিফেরিকৃত ভূমি যাতে অবৈধ দখলে না যায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে<br>(ঙ) করোনা ভাইরাস সংক্রমণ রোধে কাঁচা বাজার, মাছ-বাজার ও শাক-সবজির বাজারসমুহ মূল হাট ও বাজারের পেরিফেরি থেকে নিকটবর্তী সুবিধাজনক স্থানে স্থানান্তর সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের সায়রাত অধিশাখা-২ এর গত ২৬.০৪.২০২০ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫১.৬৮.০০১.২০১৯.১৭৩ নম্বর স্মারকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হলো<br>(চ) করোনা পরিস্থিতির কারণে যে সকল হাট-বাজার নির্ধারিত সময়ে ইজারা প্রদান করা সম্ভব হযনি সেই সকল অ-ইজারাকৃত হাট-বাজার ইজারার বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ /হবিগঞ্জ/মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **সায়রাত মহাল** | (ক) সায়রাত মহালসমূহের তফসিল রেজিস্টার VI এ সঠিকভাবে লিপিবদ্ধ করতে হবে<br>(খ) ইজারাবিহীন জলমহলগুলোর বিষয়ে সরকারি জলমহল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর ৫(৪)(খ)অনুযায়ী জলমহলের সরকারি মূল্য নির্ধারণ করে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে<br>(গ) সিলেট জেলার ঘাষাণীমহাল বিলুপ্তির লক্ষ্যে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>(ঘ) করোনা ভাইরাস জনিত কারণে নির্ধারিত বালুমহাল ইজারা না হওয়ায় করণীয় সম্পর্কে ভূমি মন্ত্রণালয়ের সায়রাত অধিশাখা-২ এর গত ২৯.০৪.২০২০ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫১.৬৮. ০০১.২০১৯.১৭৫ নম্বর স্মারকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হলো | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ /হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৫ | **খাস জমি ও অন্যান্য জমি সংক্রান্ত মামলা**<br>৫.১ দেওয়ানী মামলা (মূল)<br>৫.২ দেওয়ানী মামলা (আপিল) | (ক) জেলা প্রশাসকের কার্যালয়ের আর. এম শাখার একজন সহকারীকে সরকারী কৌশূলীর সাথে নিয়মিত যোগাযোগ করে মামলা তদারকীর জন্য দায়িত্ব প্রদান করতে হবে<br>(খ) কোন মামলার রায় সরকারের বিপক্ষে হলে অবিলম্বে আপীলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া মামলার রায় সরকারের বিপক্ষে গেলে কি কারণে মামলার রায় সরকারের বিপক্ষে গেল তা খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে<br>(গ) এস. এফ পেন্ডিং আছে কি-না যাচাই করে দেখতে হবে<br>(ঘ) এস.এফ এর তথ্যে সরকারি স্বার্থ বিরোধী কোন বক্তব্য আছে কিনা তা পরীক্ষা করতে হবে<br>(ঙ) সরকারি স্বার্থ জড়িত মামলাসমূহে জোর প্রতিদ্বন্দিতা করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ /হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৬ | **সার্টিফিকেট মামলা সংক্রান্ত**<br>৬.১ রেন্ট সার্টিফিকেট<br>৬.২ সাধারণ সার্টিফিকেট | (ক) সার্টিফিকেট মামলা নিষ্পত্তির হার বাড়াতে হবে<br>(খ) অনিষ্পন্ন সার্টিফিকেট মামলা নিষ্পত্তির জন্য ক্রাশ প্রোগ্রাম নিতে হবে<br>(গ) প্রত্যেক জেলার রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা যাচাই করে সঠিক তথ্য প্রেরণ করতে হবে এবং ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে রাজস্ব আদায়পূর্বক মামলা নিষ্পত্তি করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত** | (ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>(খ) জেলা প্রশাসক, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার আগামী সভার পূর্বে তার জেলার সকল পেন্ডিং অডিট আপত্তির জবাব অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন<br>(গ) জেলা প্রশাসক, সিলেট সেপ্টেম্বর/২০২০ মাসের মধ্যে অর্ধেক এবং অক্টোবর/২০২০ মাসের মধ্যে তার জেলার সকল পেন্ডিং অডিট আপত্তির জবাব অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার<br>(৫) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট |
| ৮ | **অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত কমিশনার (রাজস্ব) আদালতের মামলা নিষ্পত্তি সংক্রান্ত** | (ক) পেন্ডিং মামলার সংখ্যা কমিয়ে আনার নিমিত্ত স্বাস্থ্য বিধি পালন করে অতিরিক্ত কমিশনার (রাজস্ব) আদালত এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের কার্যক্রম আরম্ভ করতে হবে | (১) অতিরিক্ত কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট<br>(২-৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ৯ | **নামজারী ও জমাভাগ** | (ক) সকল উপজেলায় ই-মিউটেশন ১০০% চলমান আছে এবং এই ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে<br>(খ) ই-নামজারী সম্পাদনের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে উহা চিহ্নিত করে সমাধানের নিমিত্ত এ কার্যালয়কে লিখিতভাবে অবহিত করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ /হবিগঞ্জ/মৌলভীবাজার |
| ১০ | **জরিপ বিভাগ** | (ক) সরকারি খাস জমি যাতে কোন ব্যক্তি বা সংস্থার নামে রেকর্ড না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে<br><br>(খ) চূড়ান্তভাবে প্রকাশিত ভলিউমের হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করতে হবে | (১) জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট |
| ১১ | **আশ্রয়ণ প্রকল্প**<br>**১১.১** আশ্রয়ণ-২ প্রকল্প;<br>**১১.২** আশ্রয়ণ-২ প্রকল্পের বন্দোবস্ত সংক্রান্ত;<br>**১১.৩** আশ্রয়ণ প্রকল্প-২ এর অধীনে সিলেট বিভাগে ‘যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ’ এর (খ-শ্রেণী) গৃহহীনের তথ্য সংক্রান্ত। | (ক) আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। পরিদর্শনে উপকারভোগী পাওয়া না গেলে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে হবে<br>(খ) “যার জমি আছে ঘর নেই তার নিজ জমিতে গৃহ নির্মাণ” প্রকল্পের আওতায় নির্মাণাধীন গৃহের গুণগতমান নিশ্চিত করে নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে এবং নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার |
| | ১১.৪ গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) প্রকল্প সংক্রান্ত | গুচ্ছগ্রাম-২য় পর্যায় (সিভিআরপি) স্থাপনের জন্য প্রত্যেক জেলা হতে প্রস্তাব প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ১২ | **শিক্ষা বিভাগের কার্যক্রম** | (ক) বিদ্যালয় গমনোপযোগী শিশু যেন স্কুলগামী হয় হোম ভিজিটের মাধ্যমে তা নিশ্চিত করতে হবে। হোম ভিজিটের বিষয়টি নিশ্চিতকরণের জন্য উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন<br>(খ) আর্থিক সমস্যার কারণে যে সকল শিশু বিদ্যালয়ে যেতে পারে না তাদের একটি তালিকা তৈরী করে পরিবারগুলোর সহায়তার লক্ষ্যে কার্যকর ব্যবস্থাগ্রহণ করতে হবে<br>(গ) আশ্রয়ণ ও আবাসনের শিক্ষার্থীদের মূল ধারায় যুক্ত করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার<br>(৫) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট |
| ১৩ | **সমবায় বিভাগের কার্যক্রম**<br>১৩.১ রাজস্ব আদায়<br>১৩.২ আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রমের অগ্রগতি | (ক) ঋণ আদায় কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারীদের জীবনমান উন্নয়নে কাজ করতে হবে<br>(খ) উপজেলা কমিটি যাচাই-বাছাই করে আশ্রয়ণ প্রকল্পে বসবাসের জন্য পরিবার নির্বাচন করবেন<br>(গ) সংশ্লিষ্ট সকলকে আশ্রয়ণ প্রকল্প নিয়মিত পরিদর্শন করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার<br>(৫) যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট বিভাগ, সিলেট |
| ১৪ | **পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম** | (ক) স্থায়ী ও অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করে না এমন দম্পতিদের মোটিভেশনের মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের আওতায় আনতে হবে | (১) পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট |
| ১৫ | **অর্পিত সম্পত্তি** | (ক) লীজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল সনের দাবি আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে<br>(খ) বকেয়া দাবি আদায়ের জন্য লীজ গ্রহীতাকে নোটিশ প্রদান করে যথাযথভাবে জারীর ব্যবস্থা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ১৬ | **জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক ভূমি অফিসসমূহ পরিদর্শন ও দর্শন এর বিবরণ** | (ক) প্রতি মাসে প্রমাপ অনুযায়ী দর্শন ও পরিদর্শন করতে হবে<br>(খ) দর্শন ও পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ১৭ | **ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম** | (ক) জেলা প্রশাসকগণ জেলা রাজস্ব সম্মেলনে আলোচনা করে ক্ষতিপূরণের জন্য প্রাপ্ত আবেদন দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>(খ) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ভূমির ব্যবহার অনুযায়ী ভূমির শ্রেণী যথাযথভাবে উল্লেখ করে প্রস্তাব প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| ১৮ | **বিবিধ**<br>**১৮.১ তৃতীয় লিঙ্গের সম্প্রদায়ের পুনর্বাসনের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ সংক্রান্ত** | (ক) প্রত্যেক জেলা হতে তৃতীয় লিঙ্গের সম্প্রদায়ভুক্ত পরিবার পুনর্বাসনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব অতি দ্রুত প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প বরাবর সরাসরি প্রেরণ করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |
| | **১৮.২ উপজেলা/সার্কেল/পৌর/ইউনিয়ন ভূমি অফিস স্থাপন সংক্রান্ত** | (ক) উপজেলা/সার্কেল/পৌর/ইউনিয়ন ভূমি অফিস স্থাপনের প্রয়োজন থাকলে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদ সৃজনের নির্ধারিত চেকলিষ্ট অনুযায়ী প্রস্তাব প্রেরণ করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে | (১-৪) জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| | **১৮.৩ ওয়াকফ্ পরিদর্শক, সিলেট কর্তৃক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ** | (ক) ওয়াকফ্ পরিদর্শক, সিলেট কর্তৃক পরিদর্শনের প্রত্যেকটি প্রতিবেদন বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর নিয়মিতভাবে প্রেরণ করতে হবে | (১) ওয়াকফ্ পরিদর্শক, সিলেট |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০১০.১৫.৩৯৬

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭
২০ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১/১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪) জাতীয় প্রকল্প পরিচালক, গুচ্ছগ্রাম ২য় পর্যায়, ভূমি মন্ত্রণালয়, ৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।
৫) পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৬) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
৭) উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৮) জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট।
৯) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (রুটিন দায়িত্ব), বিভাগীয় সমবায় কার্যালয়,সিলেট।
১০) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট।
১১) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), সিলেট।
১২) ওয়াকফ্ পরিদর্শক, সিলেট।
১৩) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার